গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

নং-৪২.০০.০০০০.০৩২.০১১.০১.১৬- ৫৬৮

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
২৯ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পানি সম্পদ মন্ত্রণালয়ের নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০৩টি | ১২৫০০-৩০২৩০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) বাংলা ও ইংরেজি সাঁট লিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতি সম্পন্ন।<br>(ঘ) বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ গতি সম্পন্ন। | ঢাকা বিভাগের গাজীপুর, মাদারিপুর, শেরপুর ও কিশোরগঞ্জ জেলা, চট্টগ্রাম বিভাগের চাঁদপুর ও নোয়াখালী জেলা, রাজশাহী বিভাগের দিনাজপুর, পঞ্চগড়, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ ও গাইবান্ধা জেলা, খুলনা বিভাগের খুলনা, সাতক্ষীরা ও মাগুরা জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবে। |
| ২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২টি | ৯৩০০-২২৪৯০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ গতি সম্পন্ন। | ঢাকা বিভাগের গাজীপুর, মাদারিপুর, শেরপুর ও কিশোরগঞ্জ জেলা, চট্টগ্রাম বিভাগের চাঁদপুর ও নোয়াখালী জেলা, রাজশাহী বিভাগের দিনাজপুর, পঞ্চগড়, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ ও গাইবান্ধা জেলা, খুলনা বিভাগের খুলনা, সাতক্ষীরা ও মাগুরা জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবে। |
| ৩। | অফিস সহায়ক | ০৪টি | ৮২৫০-২০০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঢাকা বিভাগের মানিকগঞ্জ, মাদারিপুর, শরীয়তপুর, ময়মনসিংহ ও টাংগাইল জেলা, চট্টগ্রাম বিভাগের চাঁদপুর জেলা, রাজশাহী বিভাগের বগুড়া, দিনাজপুর, ঠাকুরগাঁও, গাইবান্ধা, কুড়িগ্রাম ও নীলফামারী জেলা, খুলনা বিভাগের বাগেরহাট ও মেহেরপুর জেলা, বরিশাল বিভাগের বরিশাল ও ভোলা জেলা এবং সিলেট বিভাগের মৌলভীবাজার জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলী:

১। আগামী ২৬.০৭.২০১৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে প্রার্থীর চাকুরীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের (নাতি-নাতনি) সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর হতে হবে। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

২। পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mowr.gov.bd) প্রকাশিত নির্ধারিত আবেদন ফরম (১ কপি) এবং প্রবেশপত্র (২ কপি) যথাযথভাবে পূরণপূর্বক উপ-সচিব (প্রশাসন-১ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, কক্ষ নং-৪১৪, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী আগামী ২৬.০৭.২০১৬ তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন পত্র গৃহীত হবে না।

৩। সকল পদে বাংলাদেশের সকল জেলার মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধী, এতিমখানা নিবাসী, উপজাতী ও আনসার ভিডিপি'র প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৪। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

৫। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৬.০০ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত ৯.৫"×৪.৫" সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৯। কেহ প্রকৃত তথ্য গোপন করে চাকুরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। আবেদনপত্রের সাথে উপ-সচিব (প্রশাসন-১), পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর ১ ও ২ নং পদের জন্য ১০০/- টাকা (একশত) টাকা এবং ৩ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা পানি সম্পদ মন্ত্রণালয়ের নং-১-৪৭০১-০০০১-২০৩১ কোডে জমা প্রদান করতঃ ট্রেজারী চালানের মূল কপি ও নমুনা প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে সংযুক্ত করতে হবে। এছাড়া অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নেই।

১১। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র (খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভায় চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদপত্র, (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত একটি চারিত্রিক সনদপত্র, (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদসহ প্রযোজ্য অন্যান্য সনদের প্রত্যয়ণপত্রের মূলকপি সাথে আনতে হবে।

১২। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

১৩। চাকুরিরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্র স্বাক্ষাতকারের সময় দাখিল করতে হবে।

১৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, এতিমখানা নিবাসী ও আনসার ভিডিপি'র প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১৫। লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২৯.৬.১৬

(মো: রফিকুল ইসলাম)
সহকারী সচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পানি সম্পদ মন্ত্রণালয়।

সদয় কার্যার্থে:

১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক/Daily Star (পত্রিকার ভেতরের পাতায় সিংগেল স্পেসে স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য আগামী ০২.০৭.২০১৬ তারিখের মধ্যে প্রকাশের অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে:

১। কমিশনার (সকল) ---------------------- বিভাগ (তাঁর অধীনস্থ সকল জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা (সংশ্লিষ্ট জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৩। মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (প্রতিবন্ধীদের বিষয়ে সমগ্র দেশে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৪। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা পরিদপ্তর, খিলগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। চেয়ারম্যান, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ইস্কাটন, মগবাজার, ঢাকা (সংশ্লিষ্ট জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
১০। নির্বাহী পরিচালক, বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস), বিপিকেএস কমপ্লেক্স, দক্ষিণখান, উত্তরা, ঢাকা-১২৩০, জিপিও বক্স নম্বর ৩০৮২, ঢাকা-১০০০ (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
১১। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রাশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

5×5 সে.মি. ছবি ৩ কপি ১ কপি আঠা দিয়ে লাগাতে হবে ও ২ কপি স্ট্যাপলার করতে হবে।

## চাকরির আবেদন ফরম

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | | তারিখঃ | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায়ঃ | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | |
| ৫. | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন |
| ৮. | পিতা/স্বামীর নামঃ | | | |
| ৯. | মাতার নামঃ | | | |
| ১০. | ঠিকানা | বর্তমান | স্থায়ী | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | | |
| | ডাকঘরঃ | | | |
| | পোস্টকোড নম্বরঃ | | | |
| | উপজেলাঃ | | | |
| | জেলাঃ | | | |
| ১১. | যোগাযোগঃ | মোবাইল নম্বরঃ | ই-মেইলঃ | |
| ১২. | জাতীয়তাঃ | | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্মঃ | | ১৫. | পেশাঃ |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতাঃ | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্যঃ |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ | | | তারিখঃ |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ　　　　　　　　　　　　প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

(5×5 সে.মি.
একখানা ছবি আঠা দিয়ে
লাগাতে হবে)

## প্রবেশপত্র

অফিস কর্তৃক পূরণীয়:
রোল নম্বর: ......................

পরীক্ষা কেন্দ্রের নাম:
.............................................

পরীক্ষার তারিখ:
..................................................

পরীক্ষার সময়:
.....................................................

আবেদনকারী কর্তৃক স্বহস্তে পূরণীয়:
পদের নাম:..............................................................

প্রার্থীর নাম:............................................................

পিতার নাম: ..........................................................

বর্তমান/যোগাযোগের ঠিকানা:....................................

.............................................................................

..................................................................................

..................................................................................

উপ-সচিব (প্রশাসন-১)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।